



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪১.২০২১/৩৫২৭/৬

তারিখ: ২০/০৬/১৪২৮ বঙ্গাব্দ
০৬/১০/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলাধীন হাজী আশ্গাব উদ্দিন আমিনা খাতুন কলেজের উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের প্রভাষক জনাব বদরুল্লাহ আক্তার-এর অভিযোগের বিষয়ে তদন্ত কর্মকর্তার মতামতের জবাব প্রেরণ।

সূত্র: ১. আঞ্চলিক কার্যালয়ের স্মারক-৩৭.০২.০০০০.২৭.০০১.১৮-৭১৩, তারিখ: ১৫/০৯/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলাধীন হাজী আশ্গাব উদ্দিন আমিনা খাতুন কলেজের উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের প্রভাষক জনাব বদরুল্লাহ আক্তার-এর অভিযোগ ও তদন্ত কর্মকর্তার মতামত পর্যালোচনায় দেখা যায়, সংশ্লিষ্ট বিষয়ে ১৩/০৬/২০১২ খ্রি. তারিখে একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতি ছিল না। উক্ত বিষয়ের পাঠদানের অনুমতি চেয়ে গত ২২/০৭/২০১৩ খ্রি. তারিখে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট বরাবর আবেদন করেন। অধ্যক্ষ মো: সাখাওয়াত হোসেন (বর্তমানে কলেজের বাংলা বিষয়ের পার্টটাইম শিক্ষক এবং তিনি সদ্য সরকারিকৃত তৈয়বুল্লাহ খানম কলেজে কর্মরত আছেন) বিষয় খোলার অনুমতি না নিয়েই এনটিআরসিএ-তে শিক্ষকের চাহিদা প্রেরণ করেন। এনটিআরসিএ সেই মোতাবেক অভিযোগকারী জনাব বদরুল্লাহ আক্তার (প্রভাষক, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) কে নিয়োগ প্রদানের সুপারিশ করেন। অনুমোদনহীন বিষয়ে অধ্যক্ষের চাহিদা সম্পূর্ণ অযৌক্তিক। যা দায়িত্বে অবহেলার শামিল। বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ ফারহানা সামছি চৌধুরী দায়িত্ব গ্রহণের পর থেকে বিষয় অনুমোদনের জন্য কার্যকর কোনো ভূমিকা রাখেন নি। বিষয় খোলার অনুমতি না থাকায় অভিযোগকারী শিক্ষক এমপিওভুক্ত হতে পারেন নি।

এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়ে ০৩ কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী

AKad ১৬ 5.10.21

(মোঃ আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

১. অধ্যক্ষ

সরকারি তৈয়বুল্লাহ খানম কলেজ, জুড়ী, মৌলভীবাজার;

২. অধ্যক্ষ

হাজী আশ্গাব উদ্দিন আমিনা খাতুন কলেজ, জুড়ী, মৌলভীবাজার।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট;
২. সভাপতি, হাজী আশ্গাব উদ্দিন আমিনা খাতুন কলেজ, জুড়ী, মৌলভীবাজার;
৩. জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার (অধ্যক্ষ কর্তৃক পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জুড়ী, মৌলভীবাজার (অধ্যক্ষ কর্তৃক পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
৫. জনাব বদরুল্লাহ আক্তার, প্রভাষক উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন), হাজী আশ্গাব উদ্দিন আমিনা খাতুন কলেজ, জুড়ী, মৌলভীবাজার;
৬. সংরক্ষণ নথি।